

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
হিসাব ও অর্থ বিভাগ  
১৬, আবদুল গণি রোড, ঢাকা।  
Web: www.dgfood.gov.bd

তারিখঃ .০৩.২০২৪ খ্রি.

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৭০২.১৮.

**বিষয় : ভূমি উন্নয়ন কর খাতে অর্থ বরাদ্দ।**

সূত্র : তাঁর কার্যালয়ের ১৫.০২.২০২৪ খ্রি. তারিখের ৩৩৮ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে আদিশ্ট হয়ে জানানো যাচ্ছে যে, খুলনা সিএসডি'র অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ ৫৫.৭৭ একর; যা খুলনা মহানগরীর বয়রা ও ছোট বয়রা নামে দুটি মৌজায় অবস্থিত। তন্মধ্যে ছোট বয়রা মৌজার জমির পরিমাণ ১০.২৫৮৪ একর ঠিক থাকলেও আরএস রেকর্ড অনুযায়ী বয়রা মৌজার জমির পরিমাণ দাঁড়িয়েছে ৪৮.৭৩৮৯ একর যা অধিগ্রহণকৃত জমি অপেক্ষা ৩.২২৭৩ একর বেশী। আর. এস রেকর্ড অনুযায়ী ৪৮.৭৩৮৯ একর জমির( অতিরিক্ত রেকর্ডিয় ৩.২২৭৩ একর জমির ১৩৮৩ হতে হালসন পর্যন্ত বকেয়া ভূমি উন্নয়ন করসহ) ১৪২৪ হতে ১৪৩০ সন পর্যন্ত সময়ের ভূমি উন্নয়ন কর বাবদ সুদসহ মোট ২৯,২৬,৩৭২/- টাকা বরাদ্দের জন্য অনুরোধ জানানো হয়েছে। উক্ত অর্থ বরাদ্দের নিমিত্ত আর.এস রেকর্ড অনুযায়ী খুলনা সিএসডির জমির পরিমাণ সঠিক আছে কী না তা জানা প্রয়োজন।

এমতাবস্থায়, আর.এস রেকর্ড অনুযায়ী খুলনা সিএসডির দখলে থাকা জমির পরিমাণ সঠিক আছে কিনা তা একজন নির্ভরযোগ্য আমিন দ্বারা পরিমাপ করত: পরিমাপ সংক্রান্ত তথ্য এবং আর.এস রেকর্ডের কপিসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পুনরায় চাহিদা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

স্বঃ-

মোঃ সাহিদার রহমান

ইন্সট্রাক্টর

সংযুক্তি-হিসাব ও অর্থ বিভাগ

ব্যবস্থাপক, খুলনা সিএসডি, খুলনা

তারিখঃ ১/৩.০৩.২০২৪ খ্রি.

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.৭০২.১৮. ৪২৭/৩(৫)

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে:

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা

২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা

৩। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের একান্ত সচিব, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩। উপখাদ্য পরিদর্শক, মজুদ, বিক্রয় ও ক্যাশ শাখা, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হলো।

৪। অফিস কপি।

৫। মাস্টার কপি।

ইছমত আরা শিরীন

২২.০৬.২০২৪

ইছমত আরা শিরীন  
সহকারী উপ-পরিচালক  
হিসাব ও অর্থ বিভাগ

২২.০৬.২৪